



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

স্মারক নম্বর .....

তারিখ-.....

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ  
সরকারি আঘিযুল হক কলেজ, বগুড়া  
ডাক ও জেলা: বগুড়া

বিষয় : ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে তথ্য-উপাত্ত প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তর হতে প্রেরিত পত্র যার স্মারক নম্বর-০৬/কল/বিজ্ঞপ্তি/০১/৩৩০, তারিখ-০৫/১২/২০১৯ খ্রী:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য প্রায় ৩৩৭ জন অতিরিক্ত শিক্ষার্থীর ছাড়পত্রের আবেদনে আপনি সুপারিশ করেছেন। আপনার সুপারিশকৃত শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম পরিচালনার বিষয়ে অত্র দপ্তর হতে আপনার বরাবর একটি পত্র ইস্যু করা হয়। অদ্যাবধি উক্ত পত্রের কোন উত্তর পাওয়া যায়নি। বরং উক্ত পত্র ইস্যুর একতিয়ার নিয়ে একটি জাতীয় পত্রিকায় (২৮ ডিসেম্বর ২০১৯, দৈনিক প্রথম আলো) আপনি প্রশ্ন উত্থাপন করেছেন, যা কাম্য নয়। এমতাবস্থায় বর্ণিত শিক্ষার্থীদের (আগমন ও প্রস্থান, ছাড়পত্রের আবেদন ফরমের ৩ নং নিয়মাবলী অনুযায়ী) পরিসংখ্যান এবং অতিরিক্ত শিক্ষার্থীদের স্বাভাবিক একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য আপনাকে পুনরায় অনুরোধ করা হল।

প্রকাশ থাকে যে, উক্ত পত্রিকায় উল্লেখিত হয়েছে, “অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অনুপস্থিতিতে ৩৩৭ জন শিক্ষার্থী ভর্তির সুপারিশ কি ভাবে শিক্ষা বোর্ডে গেল, তা নিয়েও বিস্ময় প্রকাশ করেন অনেক শিক্ষক” আরও উল্লেখিত হয়েছে যে, “জানতে চাইলে সরকারি আঘিযুল হক কলেজের অধ্যক্ষ মো: শাহজাহান আলী প্রথম আলোকে বলেন, যে সময় ছাড়পত্র নিয়ে আসা শিক্ষার্থীদের ভর্তির জন্য সুপারিশ কার্যক্রম চলছিল, ওই সময় তিনি ছুটিতে ছিলেন” পত্রিকায় উক্তরূপ বক্তব্য থেকে অনুমিত যে, বোর্ডে প্রেরিত ৩৩৭ খানা আবেদন আপনার/উপাধ্যক্ষের দ্বারা সুপারিশকৃত এবং স্বাক্ষরিত নহে। বিষয়টি স্পষ্টিকরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদশক্রমে

মো: হাবিবুর রহমান-৪৫৬০  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর .....

তারিখ-..... ২৪/৫/২০২০

অনুলিপি অবগতি ও কার্যার্থে :-

- ১। মাননীয় সচিব মহোদয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
- ৩। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ

সংযুক্ত

- ১। সূত্রস্থ পত্র
- ২। টিসি ফরম

৩। ০৫/০১/২০১৯ ইং তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত টিসি সংক্রান্ত প্রতিবেদনের ফটোকপি।

কলেজ পরিদর্শক ২২/০৬/২০২০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

২২/৫/২০২০

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)



স্মারক নং-রাশিবো/কল/টিসি/একাদশ/(০৩)/৫৭

তারিখ-২২/০৬/২০২০

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের আদেশ বাতিল করে পূর্বের কলেজে ভর্তির অনুমতি প্রদান প্রসঙ্গে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত নিম্নবর্ণিত শিক্ষার্থীদের আবেদন ও সংশ্লিষ্ট অধ্যক্ষগণের সুপারিশের প্রেক্ষিতে ছাড়পত্রের মাধ্যমে সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা-তে ভর্তির জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হয়েছিল যার স্মারক নং-রাশিবো/কল/টিসি/(১৪০)একাদশ/২৯, তারিখ-০৮/১২/২০২০। এফনে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির আদেশটি বাতিল করা হলো এবং পূর্বের কলেজে পুনরায় ভর্তি হয়ে অধ্যয়ন করার জন্য অনুরোধ করা হ'ল।

সংশ্লিষ্ট পত্রের ক্র: নং	এসএসসি রোল, সাল ও বোর্ড	ভর্তিকৃত বিভাগ	শিক্ষার্থীর নাম	কোড নম্বর/EIIN নম্বর সহ বর্তমান কলেজের নাম
১০৬	১৮৬৪৯১/১৯ রাজশাহী	বিজ্ঞান	মোছা: মাকসুদা আক্তার	১২৫৬৬৫-সরকারি মহিলা কলেজ, পাবনা
১০৭	১৩৮২১১/১৯ রাজশাহী	বিজ্ঞান	কে এম আরেফিন ফয়সাল ফাহিম	১৩৩৮১২-পাবনা সরকারি কলেজ
১০৮	১৩৯০৫৯/১৯ রাজশাহী	বিজ্ঞান	লামিয়া রহমান	১২৫৬৬৪-শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

মো: হাবিবুর রহমান-৪৫৬০  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নং-রাশিবো/কল/টিসি/একাদশ/(০৩)/৫৭(৪)

তারিখ-২২/০৬/২০২০

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড, রাজশাহী
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:), শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৩। অধ্যক্ষ, সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা
- ৪। শাখা অফিসার, কলেজ নিবন্ধন শাখা, শিক্ষা বোর্ড, রাজশাহী

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

২২/০৬/২০২০